


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
সরেজমিন উইং
খামারবাড়ি, ঢাকা-১২১৫
(www.dae.gov.bd)

স্মারকলিপি

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাঠ পর্যায়ে চলতি “কার্তিক মাসে কৃষকভাইদের করণীয়” বিষয়ে একটি লিফলেট এতদসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো। এ লিফলেটটি মুদ্রন করে আপনার অঞ্চল / জেলার কৃষক ভাইদের মাঝে ব্যাপক ভাবে প্রচার করার জন্য নির্দেশ প্রদান করা হলো এবং এ বিষয়ে অগ্রগতির প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর বরাবরে প্রেরণ করার জন্য বলা হলো।

সংযুক্ত : কার্তিক মাসে কৃষকভাইদের করণীয় - ১ (এক) পৃষ্ঠা।


ড. মোঃ আবদুল মুদিত
পরিচালক

ফোনঃ ৯১৩৪৫৮৭
তারিখঃ ২৯/১০/২০১৮

স্মারক নং- ১২.১০.০০০০.০০৪.১৬.০৫২.১৩ (২য় অংশ)

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে-

- ১। পরিচালক, প্রশাসন ও অর্থ/হটকালচার/প্রশিক্ষণ/উদ্ভিদ সংরক্ষণ/ উদ্ভিদ সংগনিরোধ/ক্রপস/পরিষ্করণ, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা।
- ২। পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, ডিএই, খামারবাড়ি, ঢাকা। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৩। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর..... অঞ্চল (১৪টি)।
- ৪। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর..... (জেলা সকল)।
- ৫। উপপরিচালক, (আইসিটি ব্যবস্থাপনা), পরিষ্করণ, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা, লিফলেটটি ডিএই এর ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৬। অতিরিক্ত উপপরিচালক, নিয়ন্ত্রণ কক্ষ, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর খামারবাড়ি, ঢাকা, তাকে লিফলেটটি ই-মেইল মাধ্যমে সকল অতিরিক্ত পরিচালক ও উপপরিচালক, ডিএই বরাবরে প্রেরণ নিশ্চিত করতে বলা হলো।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ৩। অতিরিক্ত সচিব (সম্প্রসারণ) মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ৪। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা-১২১৫।

কার্তিক মাসে কৃষকভাইদের করণীয়

১. এ মাসে ঘূর্ণিঝড়, তুফান ও জলোচ্ছ্বাস হতে পারে। প্রয়োজনীয় সতর্কতা ও প্রস্তুতি রাখতে হবে;
২. এ মাসে হঠাৎ বৃষ্টিতে রোপণকৃত শাকসবজির চারা নষ্ট হতে পারে। শাকসবজি রক্ষার জন্য পানি নিষ্কাশনের ব্যবস্থা করতে হবে;
৩. বন্যার পানি নেমে যাওয়ার সাথে সাথে বিনা চাষে বারি ৯, বারি ১৪, ও বারি ১৭ জাতের সরিষা, মগুর, খেসারি, পানি কচু রোপন করুন;
৪. রোপা আমনে বিপিএইচ এর উপস্থিতি জানার জন্য আলোক ফাঁদ ব্যবহার করুন; আক্রমণ লক্ষ্য করা গেলে অনুমোদিত কীটনাশক যেমন প্রাটিনাম-২০ এসপি/ প্লেনাম ৫০ ডব্লিউপি/সফসিন ৭৫ ডব্লিউপি / মিপসিন ৭৫ ডব্লিউপি ইত্যাদি সঠিক মাত্রায় গাছের গোড়ার দিকে ভালোভাবে স্প্রে করতে হবে। সাথে সাথে জমির পানি দ্রুত অপসারণ করতে হবে;
৫. আমন ধানের জমিতে মাজরা পোকা, পাতা মোড়ানো পোকা, পাতা পোড়া, খোল পোড়া রোগের আক্রমণ নিয়মিত পর্যবেক্ষণ করুন এবং প্রতিকারের ব্যবস্থা নিন;
৬. খোল পোড়া রোগের জন্য জমির পানি দ্রুত অপসারণ করে কার্বনডাইজিম/মেনকোজেব/ম্যাটালাক্সিল গ্রুপের ছত্রাকনাশক দ্বারা দমনের ব্যবস্থা নিন;
৭. এ মাসে আমন ধান ৮০ ভাগ পেকে গেলে রোদেলা দিন দেখে কেটে ফেলতে হবে;
৮. খরা সহনশীল ছোলা, মুগ, তিল, তিষি, যব ইত্যাদি বপন করুন;
৯. মাদায় মিষ্টিকুমড়া ও লাউয়ের বীজ বপন করুন;
১০. বন্যার পানি নেমে যাওয়ার সাথে সাথে বিনাচাষে মালচিং দিয়ে আলু আবাদ করুন;
১১. মাটিতে জো আসার সাথে সাথে শীতকালীন শাক-সবজির বীজ বপন করুন;
১২. চীনাবাদামের বীজ বপন করুন;
১৩. মাসের দ্বিতীয় সপ্তাহ পর্যন্ত খরা কবলিত রোপা আমন ধানে সম্পূর্ণক সেচ দিন;
১৪. মাসের শেষ সপ্তাহে গম বীজ বপন করুন; বেড প্লন্টার ব্যবহার করে আগাম বুনা হলে ভাল ফলন পাওয়া যায়;
১৫. আগাম শীতকালীন সবজি, যেমনঃ ফুলকপি, বাধাকপি, ওলকপি, গাজর, টমেটো, পালংশাক, মুলা ইত্যাদি পরিচর্যা করুন;
১৬. মাসের তৃতীয় সপ্তাহ পর্যন্ত উঁচু স্থানে, পলিব্যাগে অথবা বেডে আখের চারা তৈরি করুন;
১৭. ভুট্টা বীজ বপন করুন;
১৮. আলুর জন্য বীজ সংগ্রহ করুন, জমি তৈরী ও বীজ বপন করুন;
১৯. এ মাসের শেষের দিক থেকে বোরো ধানের বীজতলা তৈরী করুন;
২০. সেচ নালা সংস্কার ও মেরামত করুন; সেচ স্কিম ম্যানেজারদের বারিদ পাইপ, ফিতা পাইপ, এডভিওডি পদ্ধতি ব্যবহারের সুফল এবং ব্লক পদ্ধতিতে সেচ প্রদানের ব্যবস্থা করতে হবে;
২১. সংরক্ষিত গোবর, কম্পোস্ট / খামারজাত সার ভালভাবে পঁচনের জন্য ওলট-পালট করে দিন;
২২. উন্নত মানের পিঁয়াজ, রসূনের বীজ সংগ্রহ করে সময়মত বপন/রোপন করুন;
২৩. সীমের পোকা মাকড় দমনে ব্যবস্থা নিন;
২৪. মগুর বীজ ভিটাভেক্স / প্রোভেক্স দ্বারা শোধন করে বুনতে হবে; এতে ফুট রট / কলার রট রোগের প্রাদুর্ভাব কম হবে;

আরো বিস্তারিত তথ্যের জন্য নিকটস্থ উপসহকারী কৃষি অফিসার অথবা উপজেলা কৃষি অফিসের সাথে যোগাযোগ করুন। তাছাড়া কৃষি কল সেন্টারে ১৬১২৩ নাম্বারে কল করে কৃষি বিষয়ক যে কোন পরামর্শ নিন।